



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড  
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৪৭

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক জারীকৃত নং-বামাশিবো/প্রশা/১৮৫/৩/নওগাঁ-২০৪; তারিখ: ১০/০৩/২০২১ খ্রি. স্মারক মোতাবেক সুপার পদে দায়িত্ব পালন করা প্রসঙ্গে

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/১৮৫/৩/নওগাঁ-২০৪; তারিখ: ১০/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন কাতকইল দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার জনাব মোঃ আব্দুল বারীকে বিধি-বহির্ভূতভাবে বরখাস্ত করায় স্বপদে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৬/১০/২০২১খ্রিঃ তারিখে অত্র বোর্ডে একখানা আবেদন করেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১০৭৩৭/২০২১ দায়ের করা হয়। দায়েরকৃত রীট পিটিশন আদেশের প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে জনাব মোঃ আব্দুল বারীর বরখাস্ত বিধি মোতাবেক না হওয়ায় তিনি স্বপদে দায়িত্ব পালন করবেন মর্মে ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে বর্ণিত স্মারক এর মাধ্যমে পত্র দেয়া হয়। পরবর্তীতে রীট পিটিশনের আদেশ মোতাবেক জনাব মোঃ আব্দুল বারী এর ২৬/১০/২০২১ খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তির আদেশ দেয়া হয়। উক্ত দরখাস্তে জনাব মোঃ আব্দুল বারী বোর্ডের আদেশ বাস্তবায়নে সহযোগিতা না করার অভিযোগ করেন।

বর্ণিত অবস্থায়, ম্যানেজিং কমিটির সভাপতি/সদস্যগণ ও ভারপ্রাপ্ত সুপারকে ইতিপূর্বে সূত্রোক্ত স্মারক পত্র বাস্তবায়িত না হওয়ার বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো এবং মাদ্রাসা সুপার জনাব মোঃ আব্দুল বারী-কে মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তনের জন্য আবেদন পূর্বক সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা বাস্তবায়ন করা হলো।

২৯-০১-২০২৪  
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার  
chairman@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সদস্যগণ (ম্যানেজিং কমিটি), কাতকইল দাখিল মাদ্রাসা (123676), ডাকঘর: করিদহ, উপজেলা-পোরশা, জেলা-নওগাঁ এবং
- ২। ভারপ্রাপ্ত সুপার, কাতকইল দাখিল মাদ্রাসা (123676), ডাকঘর: করিদহ, উপজেলা-পোরশা, জেলা-নওগাঁ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৪.২৩.৩১৪৭/১(৯)

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, নওগাঁ;

- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পোরশা, নওগাঁ;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পোরশা, নওগাঁ;
- ৬। জনাব মোঃ আব্দুল বারী (অভিযোগকারী), সুপার, কাতকইল দাখিল মাদ্রাসা, ডাকঘর-করিদহ, পোরশা, নওগাঁ;
- ৭। ম্যানেজার, সোনালী/জনতা/রূপালী/অগ্রণী ব্যাংক.....শাখা, পোরশা, নওগাঁ;
- ৮। পি ও টু চেয়ারম্যান/ পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৯। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'MOR' or similar, enclosed in a simple rectangular box.

২৯-০১-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার